

১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন
উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ খায়রুল কবীর মেনন অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	১১ মার্চ ২০২৪
সভার সময়	দুপুর ২.০০টা
স্থান	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	‘পরিশিষ্ট-ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহানায়ক, বাঙালির ধুবতারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি আরো স্মরণ করেন ১৫ আগস্ট কালোরাতে ঘাতকদের হাতে শাহাদাত বরণকারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব, শিশু শেখ রাসেলসহ জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ এবং জাতীয় চার নেতাসহ মহান মুক্তিযুদ্ধে ও ভাষা আন্দোলনে আত্মদানকারী সকল শহিদদের।

অতঃপর তিনি উপসচিব (প্রশাসন-৩)-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য আহ্বান জানান। উপসচিব (প্রশাসন-৩) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ এর কর্মসূচি পাঠ করে শোনান। জাতীয় কর্মসূচির আলোকে সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর নিম্নরূপে দিবসটি পালনের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	আগামী ১৭ মার্চ ২০২৪ সকাল ১০.০০ টায় পুরাতন কেন্দ্রীয় কারাগার, ঢাকায় অবস্থিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হবে। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে এ বিভাগের সকল কর্মকর্তা এবং অধীন অধিদপ্তর প্রধানগণ ও পরিচালক/সমপর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।	অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন-২ ও ৩ শাখা
২	পুষ্পস্তবক অর্পণ শেষে জাতির পিতা ও ১৫ই আগস্টে নিহত তাঁর পরিবারের সদস্যসহ সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হবে।	কারা অধিদপ্তর/প্রশাসন-২ ও ৩ শাখা
৩	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে একটি পুষ্পস্তবক ও ব্যানার প্রস্তুত করতে হবে।	প্রশাসন-২ শাখা
৪	অনুষ্ঠানস্থলটি যথাযথভাবে প্রস্তুত করতে হবে এবং মোনাজাত পরিচালনার জন্য একজন ইমাম নির্বাচন করতে হবে।	কারা অধিদপ্তর/ প্রশাসন-২ শাখা
৫	সকল অধিদপ্তর কর্তৃক দিবসটি যথাযথভাবে পালনের জন্য জাতীয় দিবসের সাথে সজ্জতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	অধিদপ্তর প্রধান (সকল)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০২.২৩.২২১

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০

১৩ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়
- ২) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
- ৩) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৪) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৬) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়



মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব